৩। ত্বরায় চল ওড়াকান্দী, সবে হরি বলে কান্দি।
আর থেক না মায়ায় বন্দি, চল গুরুচাঁদ
আমায় দয়া করেনি ।।
৪। হরিচাঁদের সূক্ষ্ম ধর্ম, সাধকে পেয়েছে মর্ম,
রজনীর হ'ল না ধর্ম, কর্মকাণ্ড জগৎ কলঙ্কিনী ।।

—রজনীকান্ত

৭০ নং

তাল—একতালা

হরি আমি তোমায় চিন্‌লেম নারে।
আমি মায়াজালে বন্দি হ'য়ে সাধের জনম যায় রে ।।
১। গুরুরূপে হরি তুমি, এসে সংসারে।
তুমি হরি হ'য়ে হরি বলে, নাম দিলা সকলেরে ।।
২। সকলে সুকর্মফলে, পেয়েছে তোমারে।
আমি করি মন্দ, যায় না সন্দ, ডুবে মলেম অন্ধকারে ।।
৩। আমার মত দুরাচারী, রাখতে নাই সংসারে।
হরি তবু আমায় ভালবেসে, রেখেছ কত দয়া করে ।।
৪। দয়াল গুরুর রূপের কিরণ, লাগে যার অন্তরে।
তার মন প্রাণ হরে নিয়ে, ভাবের পাগল সাজায় তারে ।।
৫। অন্ধের আছে মানিক দিলে, তাই কি চিন্‌তে পারে।
অধম রসিক নিজ কর্মদোষে, গেল ছারেখারে ।।

—রসিকলাল মিস্ত্রী